# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/৩৩৪০/২০২২/১৪৭২ তারিখঃ নভেম্বর ১৬, ২০২২

মো: সাইফুল ইসলাম হেলালী
(মোহাম্মদ হামদুল ইসলামের ভাই)
আমবর, ১১৭/ক, আজিমপুর
নিউমার্কেট,লালবাগ, ঢাকা-১২০৫
অথবা
ব্যাংকো ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি:
শেফালী কমপ্লেক্স (৪র্থ তলা)
২১৮/৩/এ, পশ্চিম কাফরুল, বেগম রোকেয়া স্বরনী
শের-ই-বাংলা নগর,ঢাকা-১২০৭

বিষয়: আদেশ।

কমিশনের আদেশ নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/৩৩৪০/২০২২/১৪৭১ তারিখঃ নভেম্বর ১৬, ২০২২ ইং আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদ্‌সংগে সংযুক্ত করা হলো।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে

মো: ইউসুফ ভূইয়া
অতিরিক্ত পরিচালক
ফোন: ৮৮০২৪৪৮২৬৫৩৯
ই-মেইল: yusuf@sec.gov.bd

অবগতির জন্য অনুলিপি:

১। নির্বাহী পরিচালক, আইন, বিএসইসি।
২। নির্বাহী পরিচালক, এসআরআই, বিএসইসি।
৩। নির্বাহী পরিচালক, এমআইএস, বিএসইসি।
৪। নির্বাহী পরিচালক, এনফোর্সমেন্ট, বিএসইসি
৫। চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিএসইসি

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

বিএসইসি/এনফোর্সমেন্ট/৩৩৪০/২০২২/ ১৪৭১ তারিখঃ নভেম্বর ১৬, ২০২২

## আদেশ

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 (ORDINANCE No. XVII of 1969) এর Section 2(cc) মোতাবেক 'Commission' অর্থ Bangladesh Securities and Exchange Commission যা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সালের ১৫ নং আইন) এর ক্ষমতাবলে প্রতিষ্ঠিত (অত:পর "কমিশন" বলে উল্লিখিত);

যেহেতু, কমিশনের আদেশ নং বিএসইসি/এসআরআই/এমবি-৪০/২০০৯/১৩৫২ তারিখ: জানুয়ারি ২৬, ২০২২, এর মাধ্যমে একটি তদন্ত কমিটি গঠিত হয় এবং উক্ত তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী findings and violations নিম্নরূপঃ

**1. Correspondences with Mr. Md. Saiful Islam Helaly, brother of Mohammad Hamdul Islam:**

a. It has been found that Mr. Md. Saiful Islam Helaly (Brother of Mr. Mohammad Hamdul Islam) held a total of 13 lac 45 thousand shares of two companies where Banco Finance and Investment Limited acted as the issue manager as follows:

| Sl. No. | Name of Company | No. of Shares | Face Value (TK.) | Market Price as on 21.04.2022 (Tk.) |
|---|---|---|---|---|
| 1 | Taufika Foods | 10,45,000 | 1,04,50,000 | 4,37,85,500 |
| 2 | BBS Cables | 3,00,000 | 30,00,000 | 1,71,90,000 |
| | Total | 13,45,000 | 1,34,50,000 | 6,09,75,500 |

The enquiry team conducted interview with Mr. Md. Saiful Islam Helaly on April 07, 2022.

b. Mr. Helaly admitted in the interview to holding 10 lac 45 thousand shares of Taufika Foods & Agro Industries Ltd. and 3 lac shares of BBS Cables while Banco Finance and Investment Limited acted as the Issue Manager and his brother acted as the Managing Director.

"প্রশ্ন ৫:- তদন্ত চলাকালে তথ্য/উপাত্ত বিশ্লেষণে দেখা যায় যে আপনি তাওফিকা ফুডস লিঃ এর ১০ লক্ষ ৪৫ হাজার শেয়ার এবং বিবিএস ক্যাবলস এর ৩ লক্ষ শেয়ার Placement এ ধারণ করেছেন যাদের Face Value ১০ টাকা হিসেবে মোট মূল্য ১,৩৪,৫০,০০০ টাকা। এই দুটি কোম্পানির ইস্যু ম্যানেজার ছিলেন বাঙ্কো ফাইন্যান্স অ্যান্ড ইনভেস্টমেন্ট লিমিটেড এবং উক্ত ইস্যু ম্যানেজার কোম্পানীর ম্যানেজিং ডিরেক্টর আপনার ছোট ভাই জনাব মোহাম্মদ হামদুল ইসলাম। এই বিশ্লেষণে প্রতীয়মান হয় এই কোম্পানিগুলোর বিপুলসংখ্যক শেয়ার ধারণে আপনি আপনার ছোট ভাইয়ের প্রত্যক্ষ বা পরোক্ষ সহযোগিতা বা ক্ষমতা ব্যবহার করেছেন। এ বিষয়ে আপনার বক্তব্য কী?

উত্তরঃ- মার্কেটের তথ্যের ভিত্তিতে কোম্পানিগুলো থেকে শেয়ার করা হয়েছে। কোম্পানির বিক্রিত শেয়ারের ক্ষুদ্র অংশ আমার সাধ্য অনুযায়ী ক্রয় করেছি। আমি শেয়ার ব্যবসার সাথে বিশ্ববিদ্যালয়ের ছাত্র অবস্থা থেকে জড়িত ছিলাম যেখানে পূর্বে অন্যান্য কোম্পানির প্লেসমেন্ট শেয়ার ও ক্রয় করেছিলাম যেখানে Banco Finance জড়িত ছিল না। আমার অভিজ্ঞতা ও ব্যক্তিক যোগাযোগ থেকে প্লেসমেন্ট শেয়ার ক্রয় করে থাকি।

প্রশ্ন ৬:- Placement Share এর তথ্য মার্কেটে থাকার কথা না। এই শেয়ার সাধারণত: কোম্পানির মালিকপক্ষ, তাদের আত্মীয়-স্বজন বা কোম্পানির কর্মকর্তা-কর্মচারীবৃন্দই ধারণ করে। আপনি আপনার বক্তব্যে বলেছেন আপনার অভিজ্ঞতা ও ব্যক্তিক যোগাযোগ থেকে Placement Share গুলো ক্রয় করেছেন। এখানে প্রশ্ন হল, আপনি তাওফিকা ফুডস লিমিটেড এবং বিবিএস ক্যাবলস লিমিটেড এর কোন কর্মকর্তা বা কোন ব্যক্তির সাথে যোগাযোগ করে বা (কার) মাধ্যমে উক্ত শেয়ার ক্রয় করেছিলেন?

উত্তরঃ- কোম্পানীর প্রতিনিধির সাথে আলোচনা করে শেয়ার ক্রয় করেছি। প্রতিনিধি তখন কে ছিল তা আমার এই মুহূর্তে জানা নেই। তথ্য Placement Share মার্কেটে পাওয়া যায়।"

c. Mr. Md. Saiful Islam Helaly told in his interview that his sources of money for buying the shares were his job and previous share business. He also agreed to submit certified copy of his Tax Return to the enquiry team.

"প্রশ্ন ৮:-আপনার ধারণকৃত শেয়ারের মূল্য ১,৩৪,৫০,০০০ টাকা। এক্ষেত্রে আপনার আয়ের উৎস কী?
উত্তরঃ- পূর্বের শেয়ার ব্যবসা ও চাকুরি।
প্রশ্ন ৯:- আপনার উক্ত আয় আপনার ট্যাক্স ফাইল এ সন্নিবেশিত আছে কী? থাকলে তদন্ত কর্মকর্তাদের কে ট্যাক্স রিটার্ন এর সার্টিফাইড কপি প্রদর্শন করতে পারবেন কী?
উত্তরঃ- ট্যাক্স ফাইলে সন্নিবেশিত আছে। ট্যাক্স রিটার্ন এর সার্টিফাইড কপি পূর্বে দরকার হয়নি। ট্যাক্স ফাইল জমা দেয়ার কপি দিতে পারব। সার্টিফিকেট কপি সংগ্রহ করে দিতে হবে প্রয়োজনে।"

**d.** The enquiry team asked Mr. Md. Saiful Islam Helaly to submit relevant documents. He agreed to submit the relevant documents as early as possible.

"প্রশ্ন ১২:- আপনার জবানবন্দি অনুযায়ী তদন্ত কমিটিকে আপনার শেয়ার ক্রয়ের স্বপক্ষে প্রমাণপত্র যথাঃ পে-অর্ডার/চেক এর কপি বা দাখিলকৃত টাকার প্রমাণক হিসেবে ব্যাংক স্টেটমেন্ট এবং শেয়ার বিক্রয়লব্ধ অর্থের উত্তোলনের বিপরীতে ব্যাংক স্টেটমেন্ট, ট্যাক্স ফাইল কপি কবে নাগাদ দিতে পারবেন?
উত্তরঃ- **যত দ্রুত সম্ভব দিয়ে যাব।**"

But Mr. Md. Saiful Islam Helaly did not submit the documents as agreed until April 12, 2022. Then the enquiry team vide letter No. বিএসইসি/এমবি-৪০/২০০৯/১৩৫২/তদন্ত/০৮ dated April 12, 2022 requested him to submit the said documents within 04 working days. But Mr. Md. Saiful Islam Helaly did not submit the documents within the required date.
After that, he sent a letter to the enquiry team on April 16, 2022 where he mentioned :

**Quote:** আপনার অফিসে উপস্থিত হয়ে কিছু ডকুমেন্টস প্রদানের কথা জানিয়েছিলাম, কিন্তু পবিত্র রমজান মাসে ওমরা পালনের উদ্দেশ্যে সৌদিআরব গমনের নিয়ত থাকায় অফিশিয়াল, ব্যক্তিগত ও পারিবারিক অন্যান্য কাজ গুছাতে ব্যস্ত থাকায় সবগুলো ডকুমেন্টস সংগ্রহ করা সম্ভব হয়নি। আগামীকাল ওমরা পালনের উদ্দেশ্যে রওনা হবো ইনশাআল্লাহ্। ওমরা থেকে ফিরে এসে আপনার সাথে কথা বলে ডকুমেন্টস প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবো ইনশাআল্লাহ্। **Unquote**

**e.** Subsequently, the enquiry team has further requested him to submit necessary documents within April 28, 2022 vide letter No. বিএসইসি/এমবি-৪০/২০০৯/১৩৫২/তদন্ত/১৩ dated April 24, 2022. But, Mr. Md. Saiful Islam Helaly did not contact or communicate with the enquiry team until May 09, 2022. He submitted a letter to the Commission on May 09, 2022 where he mentioned :

**Quote**
..... যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক নিবেদন এই যে বিগত ৭ই এপ্রিল ২০২২ইং আপনার অফিসে সাক্ষাতের জন্য উপস্থিত হয়ে অফিসের চাহিদা অনুযায়ী লিখিতভাবে কিছু বক্তব্য প্রদান করেছি এবং কিছু ডকুমেন্টস প্রদান করতে সম্মত হয়েছিলাম। কিন্তু রমজান মাসে অফিস সময়ের স্বল্পতা, ট্রাফিক জ্যাম এবং ওমরাহ্ সংক্রান্ত ডকুমেন্টস ইত্যাদি কারণে চাহিদা মোতাবেক তথ্য সংগ্রহ ও প্রেরণ করা সম্ভব হয়নি। **Unquote**

Mr. Helaly submitted some documents with the said letter. But he failed to submit the documents as per the requirements of the enquiry team as mentioned in letters sent to him. Moreover, his submitted documents do not have any authentication. For example, **he submitted an unsigned copy of IT-10B2016 form of his Tax Return**. He also failed to submit documents of his payment against the purchase of 3,00,000 shares of BBS Cables Limited. He mentions in his submitted documents:

**Quote:** বিবিএস ক্যাবলস লিমিটেডের ৩,০০,০০০ শেয়ারের বিপরীতে ৩০.০০ লক্ষ টাকার একটি পে-অর্ডার/ চেক সম্পর্কিত নথিগুলো এখনো খুঁজে পাইনি। সম্ভবত পুরাতন কাগজপত্রের সাথে আছে, পাওয়ার সাথে সাথে আমি তা জমা দিব। **Unquote**

**Observations regarding Mr. Md. Saiful Islam Helaly:**

1. Mr. Md. Saiful Islam Helaly did not submit the required documents as per the requirements of the enquiry team. **Instead, he willfully procrastinated in submitting the documents** and at the eleventh hour submitted some unauthenticated and irrelevant documents which were not asked by the enquiry team. Therefore, the said submitted documents are not acceptable to the enquiry team.

2. By failing to submit relevant documents, he failed to conclusively prove his sources of income or fund for purchasing 13,45,000 shares worth TK. 1,34,50,000.

As a result, the matter regarding his sources of income or fund seems suspicious to the enquiry team.

In this circumstance, the matter may be referred to National Board of Revenue (NBR) and/or Anti-Corruption Commission (ACC) and/or Bangladesh Financial Intelligence Unit (BFIU) for further enquiry to reveal his actual sources of income and compliance of relevant laws and regulations.

**As per section 21(2) of Securities and Exchange Ordinance, 1969:**

"Where an enquiry under sub-section (1) has been undertaken, every member, director, manager or other officers of the Stock Exchange or the issuer to which or to whose member, director, auditor or officer of the enquiry relates, an insurance company as defined in the Insurance Act, 2010, a bank, a financial institution as defined in the Financial Institutions Act, 1993, and every other person considered by the person conducting the enquiry to be capable of providing information which is, or may be relevant to that enquiry, shall furnish such information as the person conducting the enquiry may require."

**And as per উপ-ধারা (৩) of ধারা ১৭ক of বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩:**

"উপ-ধারা (২) এর অধীন অনুসন্ধান বা তদন্ত কার্যে নিয়োজিত ব্যক্তিকে অনুসন্ধানাধীন বা তদন্তাধীন ব্যক্তি বা একাধিক ব্যক্তি সমন্বয়ে গঠিত কমিটিকে প্রয়োজনীয় তথ্যাবলি ও দলিলপত্র প্রদান করিতে বাধ্য থাকিবে।"

Thus, Mr. Md. Saiful Islam Helaly has violated section 21(2) of Securities and Exchange Ordinance, 1969 and উপ-ধারা (৩) of ধারা ১৭ক of বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ by not providing relevant information and documents as per the requirements of the enquiry team and thus not cooperating with the enquiry team.

**Contravention:** Mr. Md. Saiful Islam Helaly has violated Section 21(2) of Securities and Exchange Ordinance, 1969 and উপ-ধারা (৩) of ধারা ১৭ক of বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ by not providing relevant information and documents as per the requirements of the enquiry team and thus by not cooperating with the enquiry team.

Whereas, the aforesaid activities of non-compliance of securities laws appeared to be deliberate and clear contravention of the above stated laws attracts penal provision of Section 22 of the Securities and Exchange Ordinance, 1969

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

যেহেতু, কমিশন উপরোল্লিখিত প্রতিবেদন অনুযায়ী সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার জন্য Md. Saiful Islam Helaly এর বরাবরে একটি show-cause-cum-hearing notice সূত্র নং- BSEC/Enforcement/৩৩৪০/২০২২/১০৯৭ তারিখ: আগস্ট ১১, ২০২২ প্রেরণ করে এবং সেপ্টেম্বর ১১, ২০২২ তারিখে শুনানীর দিন ধার্য করে। ধার্যকৃত তারিখে Md.Saiful Islam Helaly সেপ্টেম্বর ১১, ২০২২ তারিখের পত্র সূত্র- এর মাধ্যমে লিখিত বক্তব্য দাখিল করেন। যাতে অন্যান্যের মধ্যে, নিম্মোক্ত বিষয়গুলির উল্লেখ আছে:-

আপনার কার্যালয়ের স্মারক নং BSEC/Enforcement/3340/2022/1097 তারিখ ১১/০৮/২০২২ অনুযায়ী সবিনয়ে আপনার জ্ঞাতার্থে জানাচ্ছি যে, আপনার কার্যালয়ের (Inquiry Committee) মৌখিক নির্দেশনা মোতাবেক বিগত ৭ই এপ্রিল ২০২২ তারিখে শুনানিতে উপস্থিত হয়ে লিখিতভাবে বক্তব্য প্রদান করি। রমজান মাসে কর্ম সময় কম থাকায় ও ওমরাহ্ পালন সংক্রান্ত বিভিন্ন কাজে ব্যস্ত থাকায় কিছু তথ্য ঐ সময় জমা দেয়া সম্ভব হয়নি। ওমরাহ্ পালনের উদ্দেশ্যে ১৬.০৪.২০২২ তারিখে সৌদিতে গমণের পূর্বে আমি লিখিতভাবে ইনকোয়েরি কমিটিকে অবহিত করি; ওমরাহ্ থেকে ফিরে সকল তথ্য প্রদানের প্রতিশ্রুতি প্রদান করেছিলাম। ওমরাহ্ পালনরত অবস্থায় জানতে পারি যে ইনকোয়েরি কমিটি কর্তৃক তথ্য প্রদানের জন্য তাগিদ দেয়া হয়েছে। ওমরাহ্ পালন শেষে দেশে ফিরে অসুস্থ্যতা (জ্বর ও কাশি ) নিয়েই সাবধানতার সাথে অত্যল্প সময়ের মধ্যে ৯ই মে, ২০২২ তারিখে সূত্র নং বিএসইসি/এমবি-৪০/২০০৯/১৩৫২/তদন্ত/১৩, তারিখ এপ্রিল ২৪, ২০২২ অনুযায়ী সংশ্লিষ্ট তথ্যাদি যেমন ব্যাংক স্টেইটমেন্ট, ব্যাংকের চেকের অনুলিপি, ট্যাক্স রির্টানের আইটি -১০ বি অনুলিপি ইত্যাদি জমা দিয়েছি। সময় স্বল্পতার জন্য ট্যাক্স রিটার্নের সার্টিফাইট কপি উত্তোলন করা সম্ভব হয়নি এবং বি.বি.এস ক্যাবলস লিমিটেডের শেয়ার ক্রয়ের বিপরীতে ৩০ লক্ষ টাকার পে-অর্ডারটি খুঁজে না পাওয়ায় সে তথ্যটি দেয়া সম্ভব হয়নি, বর্তমানে পে-অর্ডারটি পাওয়া গেছে।

আমি পত্রের সাথে ইনকাম ট্যাক্স সার্টিফিকেট ও ট্যাক্স রিটার্নের সার্টিফাইট কপি (অর্থ বছর ২০২০-২০২১) ও ৩০ লক্ষ টাকার পে-অর্ডারের অনুলিপি এবং পূর্বে প্রদানকৃত তথ্যদি ও অন্যান্য প্রমানপত্রাদি আপনার নিকট যথাযথ মূল্যয়নের জন্য পুনরায় উপস্থাপন করলাম।
এখানে আরও উল্লেখ যে তদন্ত কমিটি আমার পত্রে সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন আইন ,১৯৯৩ এর দ্বারা ১৭ক অনুযায়ী তদন্ত কার্য পরিচালিত হচ্ছে বলে উল্লেখ করেছেন।

সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন আইন ,১৯৯৩
[১৭ক। অনুসন্ধান বা তদন্ত অনুষ্ঠান।- (১) কমিশন ধারা ১০ এর উপ-ধারা (১) এ উল্লিখিত যে কোন ব্যক্তি সম্পর্কে অনুসন্ধান বা তদন্ত করিতে পারিবে।

১০। নিবন্ধন সার্টিফিকেট।- (১) [ কোন স্টক ব্রোকার, সাব-ব্রোকার, শেয়ার হস্তান্তরকারী প্রতিনিধি, ইস্যুর ব্যাংকার, মার্চেন্ট ব্যাংকার, ইস্যুর নিবন্ধক, ইস্যুর ম্যানেজার, অবলিখক, পোর্টফোলিও ম্যানেজার, বিনিয়োগ উপদেষ্টা, মিউচ্যুয়াল ফান্ড, ট্রাষ্ট দলিলের ট্রাষ্টি,সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী, হেফাজতকারী, ক্রেডিট রেটিং কোম্পানী এবং সিকিউরিটি মার্কেটের সঙ্গে সম্পৃক্ত হইতে পারে অনুরূপ অন্যান্য মাধ্যম কমিশনের নিকট হইতে প্রাপ্ত নিবন্ধিকরণ সার্টিফিকেটের শর্তাবলীর অধীন ব্যতিরেকে কোন সিকিউরিটির বিক্রয় বা কারবার করিবে না। ]

যেহেতু আমি কমিশন ধারা ১০ এর উপ-ধারা (১) এ কোন শ্রেণীর অন্তর্ভুক্ত ব্যক্তি নই, সেহেতু অত্র ধারা / বিধান আমার ক্ষেত্রে প্রযোজ্য নয় ।

অতএব, আমার উপস্থাপিত তথ্য মূল্যায়ন পূর্বক অভিযোগ থেকে অব্যাহতি দিয়ে বাধিত করবেন।."

যেহেতু, Md.Saiful Islam Helaly সেপ্টেম্বর ১১, ২০২১ ইং তারিখের পত্রের মাধ্যমে উল্লিখিত ব্যর্থতা তথা বিধি বিধান লংঘন সংক্রান্ত অভিযোগের বিষয়ে যে লিখিত ব্যাখ্যা প্রদান করেছে তা কমিশনের নিকট গ্রহনযোগ্য বলে বিবেচিত হয়নি এবং Md.Saiful Islam Helaly এর উক্ত লংঘন ইচ্ছাকৃত;

যেহেতু, সিকিউরিটিজ সংক্রান্ত উল্লিখিত আইন ও উহার অধীন জারিকৃত বিধি-বিধান পরিপালনে Md.Saiful Islam Helaly এর উক্তরূপ ব্যর্থতা Section 22 of the Securities and Exchange Ordinance, 1969 এর অধীন শাস্তিযোগ্য অপরাধ;

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন পরিপালনে উল্লিখিত ব্যর্থতার জন্য, তথা পুঁজিবাজারের উন্নয়নের পাশাপাশি বাজারের শৃংখলা ও স্বচ্ছতা রক্ষার স্বার্থে Md.Saiful Islam Helaly কে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

অতএব, সেহেতু, কমিশন, উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 এর Section 21(2) লংঘনের জন্য, Section 22 of the Securities and Exchange Ordinance, 1969 এ প্রদত্ত ক্ষমতাবলে Md.Saiful Islam Helaly এর উপর ৪,০০,০০,০০০.০০ (চার কোটি) টাকা জরিমানা ধার্য করল যা অত্র আদেশের তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে কমিশনে জমা করতে হবে। এছাড়াও জরিমানার অর্থ পরিশোধ না করা পর্যন্ত উক্ত নামে পরিচালিত সকল BO হিসাব হতে অর্থ উত্তোলন ও Link হিসাবের মাধ্যমে শেয়ার স্থানান্তর বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

মোঃ আবদুল হালিম
কমিশনার

বিতরনঃ
মোঃ সাইফুল ইসলাম হেলালী